# জামায়াত আমিরের শারীরিক অবস্থার খোঁজ নিলেন রাষ্ট্রপতি সাহাবুদ্দিন



সংগৃহীত ছবি

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন রাজধানীর ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের শারীরিক অবস্থার খোঁজ নিয়েছেন। রাষ্ট্রপতির নির্দেশে তার সহকারী একান্ত সচিব মোহাম্মদ সাগর হোসেন রোববার (৩ আগস্ট) হাসপাতালে গিয়ে ডা. শফিকুর রহমানের চিকিৎসার অগ্রগতি সম্পর্কে খোঁজখবর নেন।

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় প্রচার বিভাগ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, রাষ্ট্রপতি সাহাবুদ্দিন জামায়াত আমিরকে সালাম ও শুভেচ্ছা জানিয়েছেন এবং তার দ্রুত সুস্থতা কামনা করেছেন।

এ সময় রাষ্ট্রপতি টেলিফোনে ডা. শফিকুর রহমানের ছোট ভাই ফখরুল ইসলামের সঙ্গে কথা বলেন এবং তার কাছ থেকে শারীরিক অবস্থার বিস্তারিত জানতে চান। রাষ্ট্রপতি শফিকুর রহমানের দ্রুত আরোগ্য কামনা করেন এবং তার পরিবারের প্রতি সমবেদনা জানান।

রাষ্ট্রপতির পক্ষ থেকে খোঁজ নেওয়ায় জামায়াতে ইসলামীর পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করা হয়েছে। আমিরে জামায়াতের ছোট ভাই ফখরুল ইসলামও রাষ্ট্রপতির সহানুভূতির জন্য কৃতজ্ঞতা জানিয়েছেন।